

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৭১)/২০২২/৯০৯

Mr. Mahidul

তারিখঃ ০৯-১১-২০২৩

নোটিশ


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ৩০.১০.২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮২৫/২৪ সংখ্যক স্মারকের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য MIS Software - এ এন্ট্রিকরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের স্নাতক পর্যায়ের বিভিন্ন লেভেল/সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি/আলিম পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত (মেধা/সাধারণ) হয়েছে তাদেরকে শিক্ষা ও বৃত্তি শাখা হতে ফরম সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে ১৫.১১.২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থী পূর্বে ভুল তথ্য প্রদানের জন্য বৃত্তি পায়নি, তাদেরকেও নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণপূর্বক তথ্য সংশোধন করে ফরম জমা দেয়ার জন্য বলা হলো।

নির্দেশনাবলীঃ

০১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
০২. শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৩. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৫. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৬. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮. ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
০৯. বিকাশ, শিওর ক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা।



(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

ফোনঃ ৪৪৮১৪০০৬



অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ..... , শেকৃবি, ঢাকা  
(স্নাতক পর্যায়ের সকল ছাত্র-ছাত্রীদের অবগতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। হল প্রভোস্ট (সকল)..... , শেকৃবি, ঢাকা
- ৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
- ৬। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকৃবি, ঢাকা
- ৭। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৮। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৯। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ১০। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ১১। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
- ১২। অফিস কপি